

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৮. ২০১৬-১৬৯৭

তারিখঃ

১৭ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ আইএমইউ'র আওতাধীন সিপিটিইউ কর্তৃক বাস্তবায়নাধীন "Digitizing Implementation Monitoring And Public Procurement Project (DIMAPP)" প্রকল্পের আওতায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের শতভাগ সরকারি ক্রয় ই-জিপিতে প্রক্রিয়াকরণ নিশ্চিতকরণের নিমিত্ত সক্ষমতা বৃদ্ধিসহ নিবিড় তদারকির জন্য এলজিইউকে দায়িত্ব প্রদান।

মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী সকল সরকারি ক্রয় ই-জিপিতে প্রক্রিয়াকরণ বাধ্যতামূলক। পর্যায়ক্রমের সকল সরকারি ক্রয় ই-জিপিতে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে আইএমইউ ই-জিপি সম্প্রসারণ ও ই-জিপিতে সরকারি ক্রয় প্রক্রিয়ার নিবিড় তদারকি, ক্রয়কারী কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধি ও পেশাদারিত্ব সৃষ্টি ইত্যাদি গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়নে "Digitizing Implementation Monitoring And Public Procurement Project (DIMAPP)" শীর্ষক একটি কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ করছে। প্রকল্পের আওতায় অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার পাশাপাশি সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে (উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা এবং সিটি কর্পোরেশন) ই-জিপিতে সক্ষমতা বৃদ্ধি, সুনির্দিষ্ট এলাকা ভিত্তিক ই-জিপি সেল গঠন, হার্ডওয়্যার/সফটওয়্যার সহায়তাসহ নিবিড় তদারকির আওতায় আনার উদ্যোগ নেয়া হয়েছে।

২। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ই-জিপি বাস্তবায়নে টিএপিপি'র সংস্থান অনুযায়ী ৩টি পার্বত্য জেলা পরিষদ ও ঢাকার ২টি সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ই-জিপি বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধিসহ শতভাগ ই-জিপি বাস্তবায়নে সহায়ক ও নিবিড় তদারকিসহ সামগ্রিক কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব পালন করবে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইউ)। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের (উপজেলা পরিষদ-৪৯১ টি, জেলা পরিষদ-৬১ টি, পৌরসভা-৩২৭ টি এবং সিটি কর্পোরেশন-৯টি) ই-জিপি বাস্তবায়নের উদ্দেশ্যে সিপিটিইউ এবং এলজিইউ'র মধ্যে একটি সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হবে।

৩। ৩টি পার্বত্য জেলা পরিষদ ও ঢাকার ২টি সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (উপজেলা পরিষদ-৪৯১ টি, জেলা পরিষদ-৬১ টি, পৌরসভা-৩২৭ টি এবং সিটি কর্পোরেশন-৯টি) শতভাগ ই-জিপি বাস্তবায়ন নিশ্চিত করার জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে নিবিড় তদারকি, সক্ষমতা বৃদ্ধি ও পেশাদারিত্ব সৃষ্টি এবং অন্যান্য সহায়তা প্রদানসহ সামগ্রিক কার্যক্রম সমন্বয়ের দায়িত্ব প্রদান করা হলো।

৪। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর সিপিটিইউ কর্তৃক বাস্তবায়নাধীন "Digitizing Implementation Monitoring And Public Procurement Project (DIMAPP)" প্রকল্পের আওতায় উল্লিখিত দায়িত্ব পালনের অগ্রগতি নিয়মিত স্থানীয় সরকার বিভাগকে অবহিত করবে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ জাহিদ হোসেন)
উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মেয়র----- সিটি কর্পোরেশন।
- ৩। চেয়ারম্যান----- জেলা পরিষদ।
- ৪। মেয়র----- পৌরসভা, জেলা-----।
- ৫। চেয়ারম্যান----- উপজেলা পরিষদ, জেলা-----

অনুলিপিঃ

- ১। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।